178

দৈনিক ইনকিলাব

তারিখ ... 15 NOV 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ৫ ...

### অনুত্তীর্ণ ছাত্রকে উত্তীর্ণ ঘোষণা

# কৃষি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার ফলাফলে দলীয়করণ

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে এবার ছাত্রদের পরীক্ষার ফলাফলের ক্ষেত্রেও দলীয়করণের অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের দীর্ঘদিনের প্রচলিত নিয়ম ভঙ্গ করে শুধুমাত্র দলীয় সমর্থক বলে কোন কোন ছাত্রকে অবৈধভাবে পরীক্ষায় পাস করিয়ে দেয়ার নজিরবিহীন ঘটনা ঘটেছে। এর বিরুদ্ধে বিশ্ববিদ্যালের শিক্ষক সমিতিও সোচ্চার হয়ে উঠেছে। সমিতি এ ন্যক্কারজনক অনিয়মের ঘটনা সুষ্ঠু তদন্ত করে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানালেও বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসনে দলীয়করণের কারণে সুষ্ঠু তদন্ত হবে না বলেই আশংকা করা হচ্ছে।

অভিযোগে জানা যায়, ১৯৯৩ সালের শেষবর্ষ কৃষির ৩৬৭ রোল নম্বরধারী এবং ১৯৯৪ সালের কৃষি প্রকৌশল সাপ্লিমেন্টারী ২য় পর্বের ৩৭ রোল নম্বরধারী ছাত্র-ছাত্রী পরীক্ষায় অকৃতকার্য হয়। কিন্তু তাদের পরীক্ষার খাতা সমীক্ষার নামে নিয়মবহির্ভূতভাবে প্রশাসনের তোয়াজকারী ছাত্র উপদেষ্টার মাধ্যমে পছন্দের শিক্ষক দ্বারা প্রকৃত পরীক্ষকদের অনুপস্থিতিতে তাদের খাতায় নম্বর বাড়িয়ে দিয়ে তাদের কৃতকার্য

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## কৃষি বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ঘোষণা করা হয়। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক সকল মহলে তীব্র ক্ষোভের সৃষ্টি করে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি গত ২৬ অক্টোবর এক জরুরী সভায় মিলিত হয়ে পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্রের খাতা সমীক্ষা পুনঃ পরীক্ষায় নামে উত্তীর্ণ ঘোষণা করার বিষয় আলোচনা করে। সভায় এই ঘটনার সুষ্ঠু তদন্তের জন্য অবিলম্বে একটি তদন্ত কমিটি গঠনের জন্য বিশ্ববিদ্যালয়ের ভিসির প্রতি অনুরোধ জানানো হয়। কিন্তু চরম দলীয়করণের কারণে শেষ পর্যন্ত কোন সুষ্ঠু তদন্ত হবে কি-না তা নিয়ে ছাত্র-শিক্ষক মহলে নানা সংশয়ের সৃষ্টি হয়েছে।